একুশ মানে : সামাজিক কু প্রথার বিরুদ্ধে আন্দোলন
একুশ মানে : বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে : ভ্রাতৃত্বের বন্ধন
একুশ মানে : সরাসরি কথা বলা
একুশ মানে : ঈর্ষা কাতরতা নয়
একুশ মানে : নন্দিত মনের সুন্দর ভুবন

একুশ নিউজ মিডিয়া
Ekush News Media
6362-302 Hollywood Blvd, Hollywood, CA 90028
(818) 266 7539 / (213) 925 4652 / Fax (877) 226-4524

হলিউডের বাংলা পত্রিকা
একুশ 21
www.ekush.info

ইমিগ্রেশনের ধরপাকড় নিয়ে যারা শঙ্কিত আজকের লেখাটি তাদের জন্য

সময় কিনুন

বিস্তারিত ভেতরের পাতায়

আরকার কলাম

যাদের কাগজপত্র নেই আশ্রয় আবেদন প্রত্যাখ্যাত কিংবা ইতিমধ্যে যারা ডিপোর্টেশন এর চিঠি পেয়ে নিরুপায় ও দুশ্চিন্তাগ্রস্ত জীবনযাপন করছেন; গভীর রাতে বা যেকোনো সময়ে যদি তারা ICE বা ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্টের সম্মুখীন হন তাহলে কি করণীয়? আতঙ্কগ্রস্ত হয়ে ভুলগুলো হয়ে যায় তা থেকে সতর্ক থাকতে পরামর্শ দিয়েছেন এটর্নিগণ। পৃ..৭

Ekush (Bengali Community Newspaper) Hollywood, California, USA ▲ Volume 02, Issue 04, April 21, 2007 ▲ www.ekush.info ▲ শনিবার, এপ্রিল ২১, ২০০৭, ▲ বৈশাখ ৭, ১৪১৪ ▲ ৩ রবিউস সানি ১৪২৮

প্রথম কলাম

প্রবাসে নববর্ষ সকলের জীবনে বয়ে আনুক সুখ ও সমৃদ্ধি

অধ্যাপিকা হামিদা আখতার

পহেলা বৈশাখ, শুভ নববর্ষ বাঙালির ঐতিহ্যের সংস্কৃতির একটি অংশ। আজ থেকে অনেক অনেক বছর আগে সম্রাট আকবরের আমলে অর্থনৈতিক প্রয়োজনে চালু হয়েছিল এই এই নববর্ষ। তা ধীরে ধীরে এই বৈশাখ আমাদের প্রকৃতি ও পরিবেশের সম্মিলন ঘটিয়েছে। তখনকার সময় বর্ষবরণ উপলে সাংস্কৃতিক নানাবিধ আয়োজনের সাথে অর্থনীতিতেও যুক্ত হয়েছিল নতুন মাত্রা, ব্যবসায়ীরা বরাবরই হালখাতা খুলে বসেন। অদ্যাবধি সেই প্রথা চালু আছে গ্রামে গঞ্জে। ব্যবসায়ীরা পুরাতন হিসাব চুকে নতুন হালখাতা চালু করার মাধ্যমে ব্যবসাকে চাঙ্গা করে তোলেন। মিস্টি ও সন্দেশ দিয়ে দোকানে আগত লোকজনদেরকে আপ্যায়নের রেওয়াজ দেখা যায়। আগেকার দিনে গ্রামে গঞ্জে নববর্ষের আয়োজন করা হতো অনাড়ম্বরে। বর্তমানে শহরে, দেশের সর্বত্রই নববর্ষ পালন করা হয়। শহরের প্রতিটি ইটের সারিতে সারিতে এ অনুষ্ঠান প্রবেশ করেছে। ছোটকালে পহেলা বৈশাখ আসলেই মেলায় গিয়ে চনামান ট্যাংগ ও নাগরদোলায় চড়ার জন্য সারারাত ঘুম আসতো না। অপেক্ষা করতাম কখন সকাল হবে আর সকাল হলেই দলবল নিয়ে ছুটতাম। সারাদিনের জন্য আর পায় কে।

তিন ধরণের বর্ষপঞ্জি প্রচলিত আমাদের দেশে। ইংরেজী বর্ষপঞ্জির প্রচলন সবচেয়ে বেশী। বিশ্বের সবকটি দেশেই ইংরেজী বর্ষপঞ্জির প্রচলন। তবে প্রধানতঃ আমাদের কৃষি সংশি[?]ষ্ট জনজীবন ব্যাপকভাবে নির্ভরশীল বাংলা বর্ষপঞ্জির ওপর। তাছাড়া সংখ্যাগরিষ্ঠ মানুষের ধর্মীয় জীবনে হিজরী বর্ষ অনুসরণ করে পালন করা হয়। আধুনিক বিশ্বের প্রোপটে ইংরেজী পঞ্জিকা অনুসরণ করতে হয়। এর পাশাপাশি বাংলা বর্ষপঞ্জি আমাদের দেশের আবহাওয়া, ভূ-প্রকৃতি ও কৃষ্টির সাথে ওতপ্রোতভাবে জড়িত। ফলে বাংলা বর্ষপঞ্জি সহজেই আমাদের জীবনের প্রতিচছবি প্রতিফলিত হয়। সে কারণে বাংলাদেশের লোকজীবন, সাংস্কৃতিক উৎসব ও ব্যবসায়িক কর্মকান্ডে বাংলা সন অত্যাবশ্যকীয় বলে পরিগণিত হয়।

ইংরেজী বর্ষবরণে মাতামাতি পৃথিবীর সর্বত্রই দেখা যায়। পশ্চিমা দেশগুলোতে এর প্রভাব সবচেয়ে বেশী। আবার চায়নীজ ও জাপানিজদেরকেও তাদের নববর্ষ বেশ অনাড়ম্বরে পালন করতে দেখা যায়। আমাদের পহেলা বৈশাখ-এর পোশাক, সাজসজ্জা ও আয়োজনে আছে ভিন্নতা। ছেলেরা পাঞ্জাবী ও ফতুয়া, মেয়েদের সাদা লাল পাড়ের শাড়ি পড়তে দেখা যায়। বাঙালি নববর্ষকে স্বাগত জানাতে ও জাতীয় চেতনাকে ধরে রাখতে দেশের সকল সম্প্রদায় সদা সচেতন। এর পাশাপাশি আদিবাসীরাও এ নববর্ষকে উদযাপন করে নিজস্ব সংস্কৃতিতে। এভাবে নববর্ষকে সার্বজনীন উৎসবের প্রধান হিসাবে গণ্য করা হয়। দেশের পাশাপাশি প্রবাসীরাও নানা রকম আয়োজনের মাধ্যমে পহেলা বৈশাখ পালন করে থাকে। প্রবাসে নতুন প্রজন্মকে দেশীয় সংস্কৃতি ও কৃষ্টির সাথে পরিচিত ও অভ্যস্ত করার ক্ষেত্রে নববর্ষের মতো উৎসব খুব সহায়ক। বাঙালি সংস্কৃতি ধারায় নতুন প্রজন্ম গড়ে উঠুক নববর্ষে সে কামনা করি।

দেশে শুদ্ধিকরণ অভিযান সার্থক হোক। বিগত বছরের অভিজ্ঞতার আলোকে নতুন বছরে আমাদের জীবনকে আরো সার্থক ও পরিপূর্ণ করে তুলি। নোবেল শান্তি পুরস্কারের দেশ। বিশ্বকাপ ক্রিকেটে প্রথমবারের মতো সুপার এইটে খেলছে বাংলাদেশ। বিশ্ব দরবারে নতুন পরিচয়ে পরিচিত হোক। নতুন বছরে বাংলাদেশ হোক আরো কল্যাণময়। দেশে, প্রবাসে সকলের জীবন হোক সুখ ও সমৃদ্ধির।

প্রবাসী বাঙালি কবি-সাহিত্যিক, শিল্পী-সাংবাদিক, বুদ্ধিজীবী ও সমাজসেবীরা বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন

একুশ নিউজ : বাংলা ১৪১৪ সাল । এদিনকে বরণ করতে বাংলাদেশের মতো এই দূর প্রবাসেও উদ্যোগ-আয়োজনের কমতি নেই। এ উপলক্ষে আমেরিকার যুক্তরাষ্ট্রের বাঙালি কম্যুনিটির সুশীল সমাজের কবি-সাহিত্যিক, শিল্পী-সাংবাদিক, বুদ্ধিজীবী, সংস্কৃতিসেবী, সমাজসেবী ও সংগঠকরা প্রাণঢালা শুভেচ্ছা জানিয়েছেন জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে আমেরিকা প্রবাসী সকল বাঙালিকে। শুভেচ্ছা জ্ঞাপনকারী সুধীজনেরা হলেন : একুশ পত্রিকার প্রকাশক এবং প্রধান সম্পাদক জাহান হাসান, সম্পাদক কাজী মশহুরুল হুদা, সহযোগী সম্পাদক শিরীন আক্তার, কো-অর্ডিনেটর শামস্ চৌধূরী, নিয়মিত অংশদাতা অধ্যাপিকা হামিদা আখতার, মামুন রিয়াজী, আরা আহমেদ, কাজী রহমান, মেহেদি হাসান, একুশ পত্রিকার পৃষ্ঠপোষক রেহানা বদরুল, লতিফা খান, লিটন, এক্সিকিউটিভ ডিরেক্টর অব বাংলাদেশ-আমেরিকান পলিটিক্যাল এ্যাকশন পার্টি ইঞ্জিনিয়ার জলিল খান, বিশিষ্ট সমাজসেবী ও ব্যবসায়ী সৈয়দ দিলির হোসেন দিলীর, রেডিও ও মিডিয়া ব্যক্তিত্ব সাইফুর রহমান ওসমানী জিতু, বিশিষ্ট সংগঠক ও ফোবান[?]ার প্রাক্তন চেয়ারম্যান আতিকুর রহমান আতিক, বর্তমান ফোবানার প্রেসিডেন্ট মাহবুব রহিম, মেম্বার সেক্রেটারী রেহান রেজা, ..পৃ ২

‘এসো হে বৈশাখ, এসো এসো/ তাপস নিশ্বাসে বায়ে, মুমূর্ষুরে দাও উড়ায়ে/ বৎসরের আবর্জনা দূর হয়ে যাক।’

লস এঞ্জেলেসে নববর্ষ বরণ ১৪১৪

বালবোয়া পার্কে ফ্রেন্ডস ক্লাবের উদ্যোগে আনন্দঘন পরিবেশে পহেলা বৈশাখ উদযাপন। ছবি-একুশ

বিশ্বমিডিয়ায় বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি

সাঈফ ইবনে রফিক : গত কয়েকদিন ধরে খালেদা জিয়ার নির্বাসন এবং শেখ হাসিনার দেশে ফেরার অনিশ্চয়তার খবরে বাংলাদেশে গণতান্ত্রিক ব্যবস্থা ব্যাহত হওয়ার ইঙ্গিত দিয়েছে আন্তর্জাতিক মিডিয়া। ভারতীয় বার্তাসংস্থা সিএনএন-আইবিএনতো বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে প্রশ্নই তুলেছে ‘ইজ বাংলাদেশ হেডিং ফর আ ক্যু?’ হাসিনা-খালেদার এ দশার সঙ্গে ভুট্টো-বেনজিরের ভাগ্যের সঙ্গে তুলনা করেছে অধিকাংশ মিডিয়া।
দেশে ফেরার নিষেধাজ্ঞা চ্যালেঞ্জ করে শেখ হাসি[?]না যেন নাটকীয়তায় ভিন্ন মাত্রা দিলো, এ মন্তব্য করেছে আনন্দবাজার পত্রিকা। কলকাতার এ দৈনিক হাসিনা ইসুতে লিখেছে, নেত্রীর এ চ্যালেঞ্জের মুখে তাই খানিকটা ব্যাকফুটে সেনা পরিচালিত তদারকি সরকার। অন্যদিকে, ‘কোর্ট হিয়ার্স চ্যালেঞ্জ অ্যাগেইনস্ট খালেদাজ একজাইল’ শিরোনামে গালফ টাইমস, ‘বাংলাদেশ কোর্ট হিয়ার্স কেইস টু ব[?]াক খালেদা একজাইল বিড’ শিরোনামে রয়টার্স প্রতিবেদন ছেপেছে।
শেখ হাসিনার দেশে ফেরার ..পৃ ৫

বাংলাদেশ ডে প্যারেডের ট্রেন চালু হয়ে গেছে: ড: জয়নুল আবেদীন

বাফলার সাংবাদিক সম্মেলন

একুশ ডেস্ক : বাংলাদেশ ডে প্যারেডের ট্রেন চালু হয়ে গেছে। কেউ ট্রেনে উঠতে না পারলে, তারা যাত্রা মিস করেছে। ট্রেন চলতে থাকবে। তবে সকলের জন্য রাস্তা খোলা আছে। যে কেউ এই ট্রেনে উঠতে পারেন অথবা চলে যেতে পারেন। সাংগঠনিকভাবে কাউকে রাস্তা বন্ধ করতে পারে না। মতানৈক্যের কথা বলতে গিয়ে ড. জয়নুল আবেদিন উপরোক্ত মন্তব্য করেন গত ১২ এপ্রিল (বৃহস্পতিবার) ২০০৭ পরদেশ রেস্টুরেন্টে বাফলা কর্তৃক আয়োজিত সাংবাদিক সম্মেলনে। গত ১ এপ্রিল আয়োজিত বাংলাদেশ ডে প্যারেডের সাফল্যের পর কর্তৃপক্ষের এই সাংবাদিক সম্মেলন একটি দৃষ্টান্ত বহন করে। শুরুতেই বাংলাদেশ ডের চীফ কো-অর্ডিনেটর ..পৃ ২

বাংলাদেশ ডের চীফ কো-অর্ডিনেটর ড. মাহাবুব খান পরদেশ রেস্টুরেন্টে বাফলা কর্তৃক আয়োজিত
ছবি: একুশ

বিশ্বে দায়িত্বশীলতার সাথে কাজ করার ব্যাপারে যুক্তরাষ্ট্রকে বিশ্বাস করা যায় না

১৮টি দেশে চালানো জরিপে তথ্য

।। শিকাগো থেকে এএফপি ।।

বিশ্বে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার জন্য যুক্তরাষ্ট্রকে বিশ্বাস করা যায় না বলে একটি ব্যাপকভিত্তিক বৈশ্বিক উদ্বেগ রয়েছে। বুধবার প্রকাশিত একটি বহুজাতিক জরিপে একথা বলা হয়েছে। তবে জরিপে দেখা গেছে যুক্তরাষ্ট্র তার পররাষ্ট্রনীতি কিভাবে পরিচালনা করে সে ব্যাপারে ব্যাপক আন্তর্জাতিক হতাশা থাকলেও বিশ্বজুড়ে কম লোকই চায় যে, যুক্তরাষ্ট্র বিশ্বে তার পুলিশী ভূমিকা থেকে সরে আসুক।

১৮টি দেশে জরিপ সমন্বয়ে সাহায্যকারী শিকাগো কাউন্সিল অন গ্লোবাল অ্যাফেয়ার্সের জরিপ সংক্রান্ত নির্বাহী পরিচালক ক্রিস্টোফার হুইটনি বলেন, যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে তার হস্তক্ষেপমূলক পররাষ্ট্রনীতির জন্য ..পৃ ৯

অন্ধকার শহরে নতুন আলোয় উদ্ভাষিত হলো দ্বীনের আলো

মামুন রিয়াজী/মাহমুদ রেজা

১৯৯১ জুলাই অথবা আগস্ট মাস হবে
আমি এবং আমার বন্ধু বাবলু চলে এলাম হলিউড থেকে পরিবারসহ অক্সন্যার্ড সিটিতে। ক্যালিফোর্নিয়ার অত্যন্ত প্রসিদ্ধ শহর। এখানে স্ট্রোবেরির জন্য বিখ্যাত। তাছাড়া মাঠে কাজ করা ‘ওমিগো’দের ন্যায্য অধিকার প্রতিষ্ঠাতা ‘সিজার চাবেজের’ আবাসিক শহর। ক্যালিফোর্নিয়ার এই শহরকে মাঠে খেটে খাওয়া মানুষের শহর বলা হয়ে থাকে। বাংলাদেশের গ্রামের সঙ্গে তুলনা করলে ভুল হবে না।
মাঠের পর মাঠ, স্ট্রোবেরি, কেবেজ, অরেঞ্জ জন্য এই শহর। বিভিন্ন রাস্তার মোড়ে মোড়ে দেখবেন ‘অমিগো’রা ফ্রুট বিক্রি করছে। মোটামুটি ইসপেনিসরাই বেশি। সাদারা রয়েছে দশ ভাগ। বাকি আমরা এশিয়ানরা। সমুদ্রের কোলঘেঁষে গড়ে ওঠা এই শহর। বিকেল হলে মাঝে মধ্যে কুয়াশায় ঢেকে যায় গোটা শহরটি। গরমের সময় হলেও ঠাণ্ডা হিমেল বাতাসে শরীরে শীত করে তুলে। বলা হয়ে থাকে কেলিফোর্নিয়ায় বসবাস করার জন্য বেস্ট পে[?]স।
বড়ো বড়ো মাঠ পড়ে রয়েছে, ১০১ ফ্রিংওয়ে নর্থ অথবা সাউথ থেকে দেখা যায় এই সুন্দর গ্রামীণ শহরটিকে। যখন চলে এলাম এই শহরে, আমার ঘাড়ে দায়িত্ব পড়লো বড়ো ভাই সাংবাদিক (দৈনিক বাংলা এবং বিটিভির) প্রয়াত মহসীন রিয়াজীকে ড্রাইভিং শেখানো। রাস্তাঘাট বেশ প্রশস্থ, শান্ত, ট্রাফিক খুব কম। তেমন কোনো ঝনঝাট ছিল না। ঐ রাস্তা থেকেই শিখে ফেললেন গাড়ি চালানো। এই শহরে সন্ধ্যা হতে না ..পৃ ৭

উলফোয়িটজের কেলেঙ্কারি নিয়ে ব্যাপক তদন্ত শুরু

স্বজনপ্রীতির কেলেঙ্কারিতে অভিযুক্ত বিশ্ব ব্যাংকের প্রেসিডেন্ট পল উলফোয়িটজের বিরুদ্ধে গতকাল শুক্রবার ব্যাপকভাবে তদন্ত শুরু করেছে বিশ্ব ব্যাংক কর্তৃপক্ষ। বান্ধবীকে চাকরিসহ বিশেষ সুযোগ-সুবিধা দেয়ার কথা স্বীকার করার পর পদ থেকে সরে দাড়ানোর জন্য তার ওপর চাপ বাড়ে এবং তার বিরুদ্ধে এ তদন্ত করা হচ্ছে। সাবেক আমেরিকান উপ-প্রতিরক্ষামন্ত্রী ভাগ্য নির্ধারণ করতে ব্যাংকের ২৪ সদস্যের বোর্ড গতকাল সকালে এক বৈঠকে মিলিত হয়। উলফোয়িটজকে নিয়ে সৃষ্ট সঙ্কট ..পৃ ৪

মুভি জুটি অভিষেক-ঐশ্বরিয়া এবার হলেন জীবন জুটি



মুভি জুটি অভিষেক-ঐশ্বরিয়া এবার হলেন জীবন জুটি। ‘প্রতীক্ষা’তে অবসান হলো বহু প্রতীক্ষার। বলিউড হার্টথ্রব জুটি মেগাস্টার অমিতাভ পুত্র অভিষেক (৩১) আর বিশ্ব সুন্দরী ঐশ্বরিয়া রাই (৩৩) মন্ত্রপাঠ করে চিরজীবনের জন্য নিজেদের সঙ্গী করে নিলেন। তিনদিন আগে ইনডিয়া তথা এ উপমহাদেশের সবচেয়ে আলোচিত যে বিয়ের উৎসব শুরু হয়েছিল গতকাল শুক্রবার সন্ধ্যায় ছিল তার চূড়ান্ত পর্ব। মুম্বাইয়ে অমিতাভ পরিবারের বিলাসবহুল বাংলো প্রতীক্ষাতেই বসেছিল মূল অনুষ্ঠান।

অভিষেক প্রথাগত বারাত নিয়ে তার বাসভবন জলসা থেকে প্রতীক্ষায় আসেন। রাজকীয় বেশে সাদা ঘোড়ায় চড়ে প্রতীক্ষায় থাকা হৃদয়ের রানীর উদ্দেশে বিকাল ৫টায় যাত্রা শুরু করেন অভিষেক। তার সামনে বসে ছিলেন বোন শ্বেতা নন্দার ছেলে আগস্তা। সোনার কারুকার্য খচিত সাদা শেরওয়ানি আর ফুলের ঝালরে মুখ ঢাকা বলিউড বান্টি তার পরিবার ও বন্ধুদের নিয়ে প্রতীক্ষায় থাকা হৃদয়ের রানীর উদ্দেশে যাত্রা শুরু করেন বিকাল ৫টায়। পুরো দলের সামনে এগিয়ে ছিলেন বলিউড মহারাজা বাবা অমিতাভ বচ্চন। সঙ্গে থাকা ব্যান্ড দলের কোরাসে ধুমসে বাজছে অভিষেক অভিনীত সাম্প্রতিক ছবির জনপ্রিয় গান কাজরা রে-র হৃদয় দোলানো ড্রামস। জলসার আশপাশে তখন ভক্ত দর্শনার্থীদের ভিড় আর কান ..পৃ ৫

উন্মত্ত বন্দুকধারীর গুলিতে ৩২ প্রাণহানির পরও যুক্তরাষ্ট্রে অস্ত্র নিয়ন্ত্রণ আইন শিথিল হচ্ছে না

যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া টেক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে উন্মত্ত বন্দুকধারীর গুলিতে ৩২ ছাত্র-ছাত্রী ও শিক্ষক নিহত হবার পর বিতর্ক শুরু হলেও এই মুহূর্তে অস্ত্র নিয়ন্ত্রণমূলক আইন প্রণয়ন করা হচ্ছে না। যুক্তরাষ্ট্রের ৪০ শতাংশ বাড়িতে বন্দুক আছে এবং ব্যক্তিগতভাবে ২০ কোটি অস্ত্র আছে বলে জরিপ থেকে জানা গেছে। বিডিনিউজ ও এএফপি

ওই ঘটনার পর যুক্তরাষ্ট্রের অস্ত্র বহন আইন নিয়ে বিতর্ক আবারও চাঙ্গা হয়েছে। অস্ত্র ধারণের অধিকারের পক্ষে প্রচারণা চালানো ব্যক্তিরা অস্ত্র বহন আইন কঠোর করার চেয়ে বরং শিথিল করার পক্ষে মত দিয়েছেন।
গান ওনার্স অফ আমেরিকার নির্বাহী পরিচালক ল্যারি প্রাটের মতে, এ ঘটনা থেকে শিক্ষা নেয়া উচিত যে উন্মাদ কোন বন্দুকধারীর হাতে দেশের বিদ্যালয়গুলো যেন জিম্মি হতে না পারে সেজন্য অস্ত্র বহন নিষিদ্ধ এলাকা সম্পর্কিত আইন তুলে দেয়া উচিত।
ক্যাম্পাসে গুলি করে ৩২ জনকে হত্যার নায়ক দক্ষিণ কোরিয়ার এক ছাত্র। পুলিশ তাকে চো সেউংহুই নামে সনাক্ত করেছে। মার্কিন পুলিশ মঙ্গলবার একথা জানায়। তবে এ হত্যার উদ্দেশ্য কি পুলিশ তা জানাতে পারেনি। চো হুই এর বয়স ২৩। হুই যুক্তরাষ্ট্রে বৈধভাবেই বসবাস করছে। একটা বন্দুক দিয়েই সে দু'দুটো হামলা চালিয়েছে বলে মনে করছে পুলিশ। চো হুই সম্পর্কে আরো তথ্য দিয়ে পুলিশ জানায়, সে ইংরেজি সাহিত্যের ছাত্র।তবে এ পর্যন্ত যে সব তথ্যপ্রমাণ পাওয়া গেছে তার ভিত্তিতে ওই একই ছাত্র দু'টি ঘটনায় জড়িত কিনা তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। ..পৃ ৫

লোমালিন্ডায় বাঙালি খ্রীস্টান সম্প্রদায়ের যীশু খ্রীষ্টের পুনরুত্থান দিবস উদযাপন ..পৃ ৬

দেশে ফেরার পথ খুঁজে নিতে হবেঃ হাসিনা

দেশের বাইরে রাখার কোনও বৈধতা বা অধিকার কারও নেই

আমাকে আমার নিজের পথ খুঁজে নিতে হবে. দেশে ফেরা প্রসঙ্গে রয়টার্সকে শেখ হাসিনা

লন্ডনে অবস্থানরত আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা গতকাল রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছেন, বাংলাদেশের সরকারের পক্ষ থেকে যেকোনও সংস্থার ..পৃ ৮

মধ্যরাতে প্যারোলে তারেককে দেখা করানো হলো মায়ের সঙ্গে?

খালেদা জিয়ার দু'শর্ত

দু'শর্তের মধ্যে রয়েছে তারেকের মুক্তি ও দলের সঙ্গে বৈঠক

দেশ ছেড়ে যাওয়ার আগে সরকারের কাছে দু'টো শর্তারোপ করেছেন খালেদা জিয়া। শর্তগুলো হচ্ছে, এক. ছেলে তারেক রহমানকে দ্রুত মুক্তি। দুই. দলের সঙ্গে একবার ..পৃ ৮

বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালী, লস এঞ্জেলেস আয়োজিত ৩৬তম স্বাধীনতা দিবস অনুষ্ঠানে দাঁড়িয়ে অন্যান্যদের সাথে শ্রদ্ধা জানালেন সাথে সস্ত্রীক কনসাল জেনারেল ও কংগ্রেসম্যান ব্র্যাড শারমেন। ছবি: একুশ

বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালী লস এঞ্জেলেসের ৩৬তম স্বাধীনতা দিবস উদযাপন

এপ্রিল ০৮, ২০০৭ইং
বিপুল উৎসাহ উদ্দীপনা মুখরিত পরিবেশে সহস্রাধিক দর্শক শ্রোতার সমাগমে ‘বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালী, লস এঞ্জেলেস’ কর্তৃক উদযাপিত হয় ৩৬তম স্বাধীনতা দিবস। ভ্যালীর কেন্দ্রবিন্দু VAN-NUYS / Sherman Oaks Recreation Center-এ।
ভ্যালীবাসী গর্বিত ও আনন্দিত- সুন্দর, পরিচ্ছন্ন, ব্যতিক্রমধর্মী আয়োজন দেখে। প্রধান আকর্ষণ আমন্ত্রিত বিশেষ অতিথি Hon. Congressman Brad Sherman[?]এর উপস্থিতি এবং কংগ্রেসম্যান কর্তৃক কমিউনিটিতে বিশেষ অবদান রাখার ক্ষেত্রে সংগঠনকে হোয়াইট হাউস থেকে দেওয়া U.S. Flag ও পুরস্কার স্বরূপ বিশেষ Plaque / Certificate তুলে দেন সংগঠনের ..পৃ ৫

তত্ত্বাবধায়ক সরকারের সমীপে স্মারকপত্র

গত ১৬ এপ্রিল, ২০০৭ বাংলাদেশ আওয়ামী লীগ ক্যালিফোর্নিয়া শাখার নেতৃত্বে যুক্তরাষ্ট্রের লস এঞ্জেলেস-এ প্রবাসী মুক্তিযুদ্ধের স্বপক্ষ শক্তির পক্ষ থেকে বঙ্গবন্ধু কন্যা সাবেক প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আনীত মিথ্যা মামলাকে ষড়যন্ত্রমূলক এবং বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের কাছে কনসাল জেনারেলের মাধ্যমে কনস্যুলেট লস এঞ্জেলেস অফিসে এক স্মারকলিপি হস্তান্তর করে। ..পৃ ৪

বাংলাদেশ আওয়ামী লীগ ক্যালিফোর্নিয়া শাখার নেতৃত্বে যুক্তরাষ্ট্রের লস এঞ্জেলেস-এ প্রবাসী মুক্তিযুদ্ধের স্বপক্ষ শক্তির পক্ষ থেকে লস এঞ্জেলেস কনস্যুলেটে স্মারকলিপি হস্তান্তর। ছবি: একুশ



বিনামূল্যে সিটিজেনশীপ ওয়ার্কশপ পৃ..৭

দেশের সর্ব শেষ হাইলাইটস পৃ..৮

লস এঞ্জেলেসে আন্তর্জাতিক বাংলা উৎসব ২০০৭ পৃ..৩